দৈনিক ইত্তেফাক

তারিখ ... 02 AUG 2015 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

# মন্ত্রীকে স্বাগত জানাতে দু'ঘন্টা বৃষ্টিতে ভিজলো শিক্ষার্থীরা

■ কোটালীপাড়া (গোপালগঞ্জ) সংবাদদাতা

সরকারি নির্দেশনা উপেক্ষা করে মন্ত্রীকে স্বাগত জানাতে বৃষ্টির মধ্যে কোমলমতি শিক্ষার্থীদের কয়েক ঘন্টা রাস্তায় দাঁড় করিয়ে রাখলেন আয়োজকরা।

গত শনিবার গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ.ক.ম মোজাম্মেল হকের আগমন উপলক্ষে উপজেলার ওয়েস্ট কোটালীপাড়া ইউনিয়ন ইনস্টিটিউশনের কোমলমতি ছাত্র-ছাত্রীদের মন্ত্রীকে স্বাগত জানাবার জন্য দুপুর ১২থেকে ২টা পর্যন্ত রাস্তায় দাঁড় করিয়ে রাখা হয়। মন্ত্রী আ.ক.ম মোজাম্মেল হক দুপুর ২টায় কোটালীপাড়া উপজেলার টুপরিয়া গ্রামে এসে পৌছান। তখন রাস্তায় দাঁড়িয়ে থাকা ছাত্র-ছাত্রীরা মন্ত্রীকে ফুলের পাপড়ি ছিটিয়ে স্বাগত জানায়। মন্ত্রী কোটালীপাড়ায় পৌঁছে হেমায়েত বাহিনী স্মৃতি যাদুঘর পরিদর্শন করেন।

এ সময় সাবেক মন্ত্রী কাজী ফিরোজ রশিদ এমপি, কোটালীপাড়া উপজেলা চেয়ারম্যান মুজিবুর রহমান হাওলাদার, উপজেলা আওয়ামী লীগের সভাপতি এডভোকেট সুভাষ চন্দ্র জয়ধর, সাধারণ সম্পাদক এস এম হুমাউন কবীর, হেমায়েত উদ্দিন বীরবিক্রম, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার হাজী সরদার আব্দুল মালেক, উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ মিকাইল উপস্থিত ছিলেন।

মন্ত্রী বলেন, জুলাই মাস থেকে মুক্তিযোদ্ধাদের ভাতা ৮ হাজার টাকা এবং আগামী জানুয়ারি থেকে ১০ হাজার টাকা ভাতা প্রদান করা হবে। হেমায়েত বাহিনী স্মৃতি জাদুঘর হলরুমে আয়োজিত মুক্তিযোদ্ধা সমাবেশ শেষে মন্ত্রী আ.ক.ম মোজাম্মেল হক উপজেলা কেন্দ্রীয় শহীদ মিনারে মুক্তিযোদ্ধাদের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ অনুষ্ঠানে যোগদান করেন।

রাস্তায় কোমলমতি ছাত্র-ছাত্রীদের দাঁড় করিয়ে রাখার ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ মিকাইলের কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন, আমি নিষেধ করেছিলাম কিন্তু আয়োজকরা আমার নিষেধ মানেনি। ওয়েস্ট কোটালীপাড়া ইউনিয়ন ইনস্টিটিউশনের প্রধান শিক্ষক মোশারফ হোসেন বলেন, আয়োজকরা জোর করে আমাদের ছাত্র-ছাত্রীদের এখানে নিয়ে এসেছে।